

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohtpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৫.১১.০০২.০৫-১৬


তারিখ: ২৫ পৌষ ১৪২৩
০৬ জানুয়ারি ২০১৭

বিষয়: আগামী ০৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে সংযুক্ত “নিয়োগ বিজ্ঞপ্তি” প্রচার ও প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে পত্রের সাথে ‘নিয়োগ বিজ্ঞপ্তি’র কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। এ মন্ত্রণালয়ের নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে আপনার দৈনিক পত্রিকায় ৩ কলাম x ১৫ ইঞ্চি পরিমাণ জায়গার ভেতরের যে কোনো পাতায়/যে কোনো স্থানে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, আপনার পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির দুই কপি এবং বিল গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে দাখিল করার জন্যও অনুরোধ করা হলো। দাখিলকৃত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: নিয়োগ বিজ্ঞপ্তির ০১ ফর্দ।


মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী
সহকারী সচিব
দুরালাপনী-৯৫৪৬২৫৫

প্রাপক

- ১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক জনকণ্ঠ
২৪/এ, নিউ ইস্কাটন
জনকণ্ঠ ভবন, ঢাকা।
- ২। বিজ্ঞাপন ম্যানেজার
দি ডেইলী স্টার (The Daily Star)
ভবন নম্বর-৬৪-৬৫
কাজী নজরুল ইসলাম রোড
ফার্মগেট, ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব ফাহিম মোঃ জামাল উদ্দিন, কম্পিউটার সেল ইনচার্জ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন ফরম ও প্রবেশপত্র ওয়েবসাইটে নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি/মাস্টার ফাইল।

নম্বর: ২৫.০০.০০০০.০১৫.১১.০০২.০৫- (১২)

তারিখ: ০১ জানুয়ারি ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নাম, বেতনস্কেল, পদসংখ্যা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং প্রাপ্য বিভাগ/জেলা নিম্নরূপ:

ক্রম	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল বিভাগ/ জেলার যোগ্য প্রার্থীগণ আবেদন করতে পারবেন/পারবেন না।
১.	স্টাফ-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/= (১৩তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	১১ (এগার)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; গ) স্টাফলিপি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি ৭০ শব্দ, বাংলা: ৪৫ শব্দ; ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি ৩০ শব্দ, বাংলা: ২৫ শব্দ; ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	সাতক্ষীরা, ঝালকাঠি ও হবিগঞ্জ জেলার বাসিন্দা ব্যতীত অন্যান্য সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। • সরকারি/ বেসরকারি (সরকারি স্বীকৃত) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন।
২.	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/= (১৩তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	০৪ (চার)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার, বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২(দুই) বছর চাকরির অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য; খ) কম্পিউটার অপারেটর অ্যাপট্টিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে।	বাসিন্দা আবেদন করতে পারবেন।
৩.	ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/= (১৪তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	০১ (এক)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগ হতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	
৪.	অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/= (১৬তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	০৫ (পাঁচ)	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; গ) কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি ২০ শব্দ, বাংলা: ২০ শব্দ। ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৫.	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/= (২০তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	১৯ (উনিশ)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, কুড়িগ্রাম, ঝিনাইদহ, ভোলা, ঝালকাঠি, ও পিরোজপুর জেলার বাসিন্দা ব্যতীত অন্যান্য সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। * সরকারি/বেসরকারি (সরকারি স্বীকৃত) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন।


০১/০১/১৭

শর্তাবলীঃ

- আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mohpw.gov.bd) নোটিশ বোর্ড হতে ডাউনলোড করে নির্ধারিত ফরম এবং প্রবেশ পত্র সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।
- চাকরির আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:
 - পরীক্ষার ফি বাবদ ১ হতে ৪ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৫ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের (ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কোড নম্বর ১-৩২০১-০০০১-২০৩১ খাতে বাংলাদেশ ব্যাংক /সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় জমা করে আবেদন পত্রের সাথে চালানের মূল রশিদ জমা দিতে হবে;
 - আবেদনপত্রের নির্ধারিত অংশে সম্প্রতি তোলা রঞ্জিন ০২ কপি ছবি ০১ কপি আঠা দিয়ে, ০১ কপি সত্যায়নকারী কর্মকর্তার (প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা) নামযুক্ত সীল ব্যবহারপূর্বক সত্যায়িত করে স্ট্যাপলার দিয়ে সংযুক্ত করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা অনুসারে যথাযথভাবে দুইটি প্রবেশপত্র পূরণপূর্বক ০২ (দুই) কপির নির্ধারিত অংশে পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে;
 - প্রবেশপত্র প্রেরণের জন্য প্রাপকের ঠিকানা লিপিবদ্ধসহ প্রয়োজনীয় ডাকটিকিট সংযুক্ত একটি ১০" X ৪.৫" সাইজের ফেরত খাম আবেদনপত্রের সাথে দিতে হবে।
- মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রসমূহের মূলকপি প্রদর্শন এবং মূল কপিসমূহের ১ (এক) সেট সত্যায়নকারী কর্মকর্তার (প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা) নামযুক্ত সীল ব্যবহারপূর্বক সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে:
 - সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদপত্র।
 - প্রযোজ্য ক্ষেত্রে (i) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র। এছাড়া, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌর মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র। (ii) সরকারি/ বেসকারি এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রামপ্রতিরক্ষা সদস্য কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
 - জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি।
- খামের উপরের ডান পার্শ্বে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ০৯-০২-২০১৭ খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে সরকারি ডাকযোগে উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) ও সদস্য সচিব, নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভবন নং-৫, কক্ষ নং-১০৪) ঠিকানায় পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৮-০১-২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সের উচ্চসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। তবে সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদ বিবেচনা করা হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- কোন পদের জন্য প্রযোজ্য সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা অপেক্ষা উচ্চতর শিক্ষাগত যোগ্যতার অধিকারী হলে অথবা উচ্চতর ডিগ্রি অর্জন করলে তাকে আবেদনপত্রে তার অর্জিত উচ্চতর শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ করতে হবে।
- চাকরির/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- যে কোন ধরনের তদবির/সুপারিশ/ভুল/মিথ্যা তথ্য অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- নিয়োগের চূড়ান্ত সুপারিশের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- উপরে উল্লিখিত শর্তসমূহ ছাড়াও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিদ্যমান বিধি-বিধানসহ সরকারি অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে।
- কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা(টিএ/ডিএ) প্রদান করা হবে না।

✓
(আব্দুল আলীম খান)
উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা)

ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
দুরালাপনী-৯৫১২২৩১

বরাবর

যুগ্মসচিব (প্রশাসন)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫×৫ সে. মি.
০১ কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম:														
২.	বিজ্ঞপ্তির নম্বর:										তারিখ:				
৩.	প্রার্থীর নাম:		বাংলায়: ইংরেজীতে(বড় অক্ষরে)												
৪.	জাতীয়পরিচয় নম্বর:										যে কোন একটি				
	জন্ম নিবন্ধন নম্বর:														
৫.	জন্ম তারিখ:					৬. জন্মস্থান (জেলা):									
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:					বছর		মাস		দিন					
৮.	মাতার নাম:														
৯.	পিতার নাম:														
১০.	ঠিকানা:		বর্তমান					স্থায়ী							
	বাসা ও সড়ক (নাম/নম্বর):														
	গ্রাম/পাড়া/মহল্লা:														
	ইউনিয়ন/ওয়ার্ড:														
	ডাকঘর:														
	পোস্টকোড নম্বর:														
	উপজেলা:														
	জেলা:														
১১.	যোগাযোগ:		মোবাইল/টেলিফোন নম্বর:					ই-মেইল(যদি থাকে):							
১৩.	জাতীয়তা:					১৩.		জেতার:							
১৪.	ধর্ম:					১৫.		পেশা:							
১৬.	শিক্ষাগত যোগ্যতা:														
	পরীক্ষার নাম:		বিষয়		শিক্ষা প্রতিষ্ঠান			পাসের সন		বোর্ড/বিশ্ববিদ্যালয়		গ্রেড/শ্রেণি/বিভাগ			
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):														
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে):														
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা:					এতিম/শারীরিক প্রতিবন্ধী							
			ক্ষুদ্র নৃ-গোষ্ঠী:		আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য			অন্যান্য (উল্লেখ করুন):							
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অডার নম্বর:					তারিখ:		দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংক ও শাখার নাম:														
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):			হ্যাঁ		না		প্রয়োজ্য নয়							

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: _____

প্রার্থীর স্বাক্ষর

✓
০৩/০৩/১৭

প্রবেশপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-১৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫×৫ সে. মি.
০১ কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে

(অফিস কর্তৃক পূরণীয়)

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

রোল নম্বর:

পদের নাম:.....

পরীক্ষা কেন্দ্রের নাম:.....

প্রার্থীর নাম:.....

পরীক্ষার তারিখ:.....

পিতা/স্বামীর নাম:.....

পরীক্ষার সময়:.....

নিজ জেলার নাম:.....

স্থায়ী/বর্তমান ঠিকানা:.....

.....

.....

- ১। পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।
- ২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স সামগ্রি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
- ৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
- ৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীকে সাথে আনতে হবে।
- ৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এ প্রবেশপত্রই পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

আব্দুল আলীম খান
উপসচিব

বিঃ দ্রঃ এ প্রবেশপত্রের দুই কপি যথাযথভাবে পূরণপূর্বক আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

✓
AK
03/07/19